

ব্রাক বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগে চিত্র প্রদর্শনী

২৩ জুন, ২০১৯



ছবি: সংগৃহীত

ব্রাক বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগে শিক্ষার্থীদের আঁকা চিত্রশিল্পের প্রদর্শনী শুরু হয়েছে। রবিবার দুপুর ২টায় স্থাপত্য বিভাগের মাজহারুল ইসলাম গ্যালারিতে ‘কাঠপেন্সিল 2B’ শীর্ষক এই প্রদর্শনী শুরু হয়। প্রদর্শনীটি চলবে এক সপ্তাহ। প্রদর্শনীর উদ্বোধন করেন বিভাগটির চেয়ারপার্সন প্রফেসর ড. জয়নাব ফারুকী আলী।

এ সময় তিনি বলেন, শিক্ষার্থীরা তাদের অবসর সময়ে এই সুন্দর কাজগুলো করেছে। ছবি আঁকার মত শিল্প একইসঙ্গে মনকে আনন্দ দেয়, মানসিক চাপও দূর করে। আর যিনি দর্শক, তিনিও একটি ভাল ছবি দেখে উপভোগ করেন।

অনুষ্ঠানে স্থাপত্য বিভাগের সহযোগী অধ্যাপক ড. ইফতেখার আহমেদ, ড. সাজিদ বিন দোজা, প্রভাষক শামস মনসুর গণি, সাইকা ইকবাল মেঘনা, দিলরুবা ফেরদৌসসহ অন্যান্য শিক্ষকরা উপস্থিত ছিলেন।



প্রদর্শনীর সমন্বয়কারী ও স্থাপত্য বিভাগের শেষ বর্ষের শিক্ষার্থী ভাস্কর চৌধুরী জানান, দ্বিতীয়বারের মত ‘কাঠপেন্সিল’ শিরোনামে এই প্রদর্শনী আয়োজন করা হয়। শিক্ষার্থীদের আঁকা পঞ্চাশটি ছবি এতে স্থান পেয়েছে।